**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ এইচআইভি ও এইডস সম্পর্কে রাজ্যব্যাপী প্রচার অভিযানের আনুষ্ঠানিক সূচনা করেন ।**

**(২) কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক চিকিৎসকদের, নিরাপত্তা নিশ্চিত করার জন্য সম্ভাব্য সব প্রচেষ্টার আশ্বাস দিয়েছে এবং বৃহত্তর জনস্বার্থে তাদের দায়িত্ব পুনরায় শুরু করার আহ্বান জানিয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বৈশ্বিক দক্ষিণের দেশগুলিকে একে অপরের শক্তি হয়ে উঠতে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন ।**

**(৪) কেন্দ্রীয় সরকার রেডিও-তে 'কিসানো কি বাত' নামে একটি অনুষ্ঠান শুরু করতে চলেছে ।**

**(৫) ত্রিপুরা স্পোর্টস বোর্ডের উদ্যোগে আগামী কুড়ি আগষ্ট থেকে তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক অনুর্ধ সতেরো বালিকা বিভাগের ফুটবল প্রতিযোগিতা শুরু হচ্ছে ।**

*******************************************

**CM-AIDS Control :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এইচআইভি ও এইডস সংক্রান্ত বিষয়ে রাজ্যের জনগণের মধ্যে ব্যাপক সচেতনতা বাড়াতে আজ সচিবালয়ে ইনটেন্সিফাইড ইনফরমেশন এডুকেশন এবং কমিউনিকেশন অর্থাৎ আই.ই.সি এর রাজ্যব্যাপী প্রচার অভিযানের আনুষ্ঠানিক সূচনা করেন। ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে আয়োজিত এই প্রচার অভিযান রাজ্যে আগামী দু'মাসব্যাপী চলবে।

এর আগে মুখ্যমন্ত্রী সচিবালয়ে এইডস সংক্রান্ত বিষয়ে এক পর্যালোচনা সভায় মিলিত হন। পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী এইচআইভি সংক্রমণ ও এইডস রোগ সৃষ্টির উৎসগুলিকে চিহ্নিতকরণ এবং সেই অনুসারে ব্যাপক জনসচেতনতা ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, ইতিমধ্যেই রাজ্যের ৮টি জেলায় ড্রাগ রিহেবিলিটেশন সেন্টার চালু করার জন্য অনুমোদন দেওয়া হয়েছে। পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী এইডস রোগীদের আরও বেশি স্ক্রিনিং করা ও তাদের নিয়মিত পর্যবেক্ষণে রেখে চিকিৎসার উপর গুরুত্ব আরোপ করেন।

****************************

**Health Ministry :**

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক চিকিৎসকদের, নিরাপত্তা নিশ্চিত করার জন্য সম্ভাব্য সব প্রচেষ্টার আশ্বাস দিয়েছে এবং বিখভ্রত চিকিৎসকদের বৃহত্তর জনস্বার্থে তাদের দায়িত্ব পুনরায় শুরু করার আহ্বান জানিয়েছে। মন্ত্রক বলেছে যে স্বাস্থ্যসেবা পেশায় নিযুক্তদের সুরক্ষা নিশ্চিত করার জন্য ব্যবস্থা গ্রহনে পরামর্শ দেওয়ার জন্য একটি কমিটি গঠন করা হবে এবং রাজ্য সরকারগুলি সহ সমস্ত

অংশীদারদের প্রতিনিধিদের পরামর্শের জন্য আমন্ত্রণ জানানো হবে।

ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন, ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন এবং দিল্লির সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালের আবাসিক চিকিৎসক সমিতির প্রতিনিধিরা ঘটনার পর নতুনদিল্লিতে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকে গিয়ে কর্মক্ষেত্রে স্বাস্থ্যসেবা কর্মীদের নিরাপত্তা নিয়ে তাদের উদ্বেগ এবং তাদের দাবি তুলে ধরেন। মন্ত্রক প্রতিনিধিদের স্বাস্থ্যসেবা পেশাদারদের নিরাপত্তা নিশ্চিত করতে সম্ভাব্য সব ধরনের প্রচেষ্টার আশ্বাস দিয়েছে।

মন্ত্রক বলেছে যে ২৬টি রাজ্য ইতিমধ্যে তাদের নিজ নিজ রাজ্যে স্বাস্থ্যসেবা কর্মীদের সুরক্ষার জন্য আইন পাস করেছে। দেশে ডেঙ্গু এবং ম্যালেরিয়ার ক্রমবর্ধমান মামলার পরিপ্রেক্ষিতে চিকিৎসকদের কাজশুরু করারও আহ্বান জানিয়েছে কেন্দ্র।

*****************************

**IMA Strike :**

ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন, কলকাতায় পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত আরজি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে একজন মহিলা আবাসিক ডাক্তারকে ধর্ষণ ও হত্যার প্রতিবাদে আজ ২৪ ঘন্টার দেশব্যাপী ধর্মঘটের ডাক দেয়। IMA এর ডাকে সাড়া দিয়ে আজ দেশজুড়ে বিভিন্ন চিকিৎসা কেন্দ্রে সকাল ৬টা থেকে জরুরী নয় এমন এবং ওপিডি পরিষেবাগুলি বন্ধ রাখা হয়। সংগঠন নির্যাতিতার জন্য ন্যায়বিচার এবং স্বাস্থ্যসেবা কর্মীদের সুরক্ষার জন্য কেন্দ্রীয় আইনের দাবি জানিয়েছে।

উল্লেখ্য, ইতিমধ্যে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক নির্দেশ দিয়েছে যে ডাক্তারদের বিরুদ্ধে সহিংসতার ক্ষেত্রে সর্বোচ্চ ছয় ঘন্টার মধ্যে প্রতিষ্ঠানের প্রধানকে প্রাতিষ্ঠানিক এফআইআর দায়ের করতে হবে। স্বাস্থ্য পরিষেবার মহানির্দেশক অতুল গোয়েল এই বিষয়ে কেন্দ্রীয় সরকারি হাসপাতাল ও মেডিক্যাল কলেজের প্রধানদের কাছে চিঠি লিখেছেন।

**************************

**IMA-State :**

রাজ্যেও আজ চিকিৎসকদের কর্মবিরতি পালিত হচ্ছে। রাজ্যের প্রধান রেফারেল হাসপাতাল জিবি-তে বহির্বিভাগে স্বাভাবিক পরিষেবা বন্ধ রাখা হয়। শুধুমাত্র ইমারজেন্সি সহ হাসপাতালে ভর্তি রোগীদের পরিষেবা জারি রয়েছে। টিকিট কাউন্টার থেকে একমাত্র জরুরী পরিষেবার জন্য টিকিট প্রদান করা হয়। জিবি হাসপাতালের মেডিকেল সুপার ডা: শঙ্কর চক্রবর্তী জানিয়েছেন, আগরতলা সরকারি মেডিকেল কলেজের সামনেও কলেজের শিক্ষক ও ছাত্র ফোরাম মিলিতভাবে প্রতিবাদে সোচ্চার হন। এই প্রতিবাদ কর্মসূচি থেকে আর জি কর কান্ডে প্রকৃত দোষীদের কঠোর শাস্তি এবং দ্রুততার সঙ্গে বিচার সম্পূর্ণ করা দাবি জানানো হয়। অটল বিহারী বাজপেয়ি রিজিওনাল ক্যান্সার হাসপাতালেও চিকিৎসকরা কর্মবিরতি পালন করেন। আউটডোর পরিষেবা বন্ধ থাকলেও ইমার্জেন্সি সহ কেমো থেরাপি ও হাসপাতালে ভর্তি রোগীদের চিকিৎসা পরিষেবা প্রদান করা হয় বলে জানিয়েছেন হাসপাতালে মেডিকেল সুপার ডক্টর শিরোমনি দেববর্মা। আই জি এম হাসপাতাল ও ত্রিপুরা মেডিকেল কলেজে আজ চিকিৎসকরা কর্মবিরতি পালন করেন।

সিপাহীজলা জেলার সমস্ত হাসপাতালগুলিতেও বহির্বিভাগের পরিষেবা বন্ধ থাকলেও স্বাভাবিক ছিল জরুরী পরিষেবা।

হাতে প্লেকার্ড নিয়ে মোমবাতি জ্বালিয়ে কর্মসূচিতে অংশগ্রহন করেন বিশালগড় মহকুমা হাসপাতালের কর্মরত চিকিৎসক, নার্স সহ চিকিৎসা পরিসেবার সঙ্গে যুক্ত সমস্ত কর্মীরা।

বিশালগড়ের মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডক্টর জে. এম দাস আমাদের জেলা প্রতিনিধিকে জানিয়েছেন তাদের এই প্রতিবাদ আন্দোলন কর্মসূচি চলবে আগামীকাল সকাল ৬টা পর্যন্ত চলবে।

খোয়াই জেলা হাসপাতালের চিকিৎসকরাও আজ হাসপাতালের বহিঃ বিভাগে এক ঘন্টার জন্য কর্মবিরতি পালন করেন। তবে চিকিৎসকরা হাসপাতালের জরুরি বিভাগের পরিষেবা স্বাভাবিক রেখেছেন।

উত্তর জেলার জেলা হাসপাতাল সহ জেলার সবক'টি মহকুমা হাসপাতাল এবং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলোতে চিকিৎসকরা কর্মবিরতি পালন করেন। তবে জরুরী বিভাগে রোগী দেখা হয়। উত্তর জেলায় আজ চিকিৎসকদের প্রাইভেট চেম্বারগুলোও বন্ধ ছিল।

কৈলাশহর জেলা হাসপাতাল সহ ঊনকোটি জেলার সবকটি হাসপাতালে চিকিৎসকরা কর্মবিরতি পালন করেন বলে জানিয়েছেন ইন্ডিয়ান মেডিকেল এসোসিয়েশনের জেলা কমিটির সদস্য ডাঃ নির্মল দেববর্মা।

দক্ষিন জেলার জেলা হাসপাতাল, সাব্রুম ও বিলোনিয়া মহকুমা হাসপাতাল, ৬টি সামাজিক স্বাস্থ্যকেন্দ্র ও ১৮টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ৮৪ জন চিকিৎসক আজ সকাল থেকে বহি:বিভাগে চিকিৎসা পরিষেবা বন্ধ রেখে কর্মবিরতিতে সামিল হন।

ধলাই জেলাতেও সবকটি হাসপাতালে চিকিৎসকরা কর্মবিরতি পালন করেন।

আইএমএ-র উদ্যোগে আজ বিকালে আগরতলায় চিকিৎসকরা প্রতিবাদ মিছিলে সামিল হন। হাতে মোম এবং প্ল্যাকার্ড নিয়ে এই মিছিল রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

এদিকে, উদয়পুরে শিক্ষক অভিজিৎ দে-কে খুন এবং কলকাতায় আর জি করের চিকিৎসক ছাত্রীকে খুনের ঘটনায় অভিযুক্তদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে আজ উদয়পুর শহরে DYFI-SFI এর কর্মী সমর্থকরা বিক্ষোভ মিছিল ও রাধাকিশোরপুর থানা ঘেরাও করে।

***************************

**PM on Global South :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বৈশ্বিক দক্ষিণের দেশগুলিকে একে অপরের শক্তি হয়ে উঠতে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন। আজ বৈশ্বিক দক্ষিণের ভার্চুয়াল তৃতীয় শীর্ষ সম্মেলনের উদ্বোধনী বক্তব্যে প্রধানমন্ত্রী বর্তমান বিশ্বব্যাপী অনিশ্চয়তা ও চ্যালেঞ্জের পরিবেশ নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি জোর দিয়ে বলেন যে বিশ্ব এখনও সম্পূর্ণভাবে COVID-19-এর প্রভাব মুক্ত হতে পারেনি। শ্রী মোদী এই দেশগুলিতে জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ, স্বাস্থ্য সুরক্ষা, খাদ্য সুরক্ষা এবং শক্তি সুরক্ষা নিয়ে উদ্বেগ সহ সন্ত্রাসবাদ, চরমপন্থা এবং বিচ্ছিন্নতাবাদের হুমকির কথাও তুলে ধরেন। তিনি বলেন, প্রযুক্তি বিভাজন এবং প্রযুক্তি সংক্রান্ত নতুন অর্থনৈতিক ও সামাজিক চ্যালেঞ্জও উঠে আসছে।

প্রধানমন্ত্রী আশ্বস্ত করেন যে ভারত বৈশ্বিক দক্ষিণের সমস্ত দেশের সঙ্গে তার অভিজ্ঞতা এবং ক্ষমতা ভাগ করে নিতে প্রতিশ্রুতিবদ্ধ।

প্রধানমন্ত্রী বলেন যে মিশন লাইফের অধীনে, নতুনদিল্লি কেবল ভারতে নয়, অংশীদার দেশগুলিতেও ছাদে সৌর এবং পুনর্নবীকরণযোগ্য বিদ্যুৎ উৎপাদনকে অগ্রাধিকার দিচ্ছে। তিনি উল্লেখ করেছেন যে ভারত ইউপিআই এর মাধ্যমে বৈশ্বিক দক্ষিণের বিভিন্ন দেশকে সংযুক্ত করার প্রচেষ্টাও শুরু করেছে।

তিনি বলেন স্বাস্থ্য সুরক্ষার জন্য, ভারতের লক্ষ্য হল – এক বিশ্ব-এক স্বাস্থ্য এবং দৃষ্টি হল –"আরোগ্য মৈত্রী"।

*********************************

**Kissano Ki Baat :**

কেন্দ্রীয় সরকার দেশের অন্নদাতাদের জন্য আরও একটি নতুন প্রয়াস গ্রহণ করতে চলেছে। কৃষকদের কাছে বিজ্ঞানকে সহজলভ্য করে তুলতে কেন্দ্রীয় সরকার রেডিও-তে 'কিসানো কি বাত' নামে একটি অনুষ্ঠান শুরু করতে চলেছে। এই অনুষ্ঠানটি আকাশবাণীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক মন-কি-বাত অনুষ্ঠানের আদলে তৈরি করা হবে।

নতুন দিল্লিতে কৃষকদের সঙ্গে মতবিনিময় করে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, এই কর্মসূচি আগামী মাসে শুরু হবে। কৃষিমন্ত্রী জানান, 'কিসানো কি বাত' অনুষ্ঠানে তিনি ছাড়াও, কৃষিবিদ ও সংশ্লিষ্ট বিভাগের আধিকারিকরা কৃষকদের তথ্য দেবেন।

*****************************

**Panchayat oath taking :**

ত্রিস্তর পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিদের শপথ গ্রহণের তারিখ আজ স্থির করা হয়েছে। রাজ্য পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে আকাশবাণীকে জানান আগামী ২৩ শে আগস্ট থেকে ৩১ আগস্ট পর্যন্ত গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির নির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। আগামী ৭ই সেপ্টেম্বর থেকে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত জিলা পরিষদের নির্বাচিত সদস্যরা শপথ গ্রহণ করবেন। তিনি আরো জানান গ্রাম পঞ্চায়েত সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান গ্রাম পঞ্চায়েত অফিসে এবং পঞ্চায়েত সমিতির শপথ গ্রহণ অনুষ্ঠান ব্লকে অনুষ্ঠিত হবে।

****************************

**SCERT-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার কুমারিটিলায় SCERT-এর নতুন একাডেমিক ভবন ও শিক্ষক হোস্টেলের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যে শিক্ষার প্রসারে রাজ্য সরকার ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে। ছাত্রছাত্রীদের প্রকৃত মানুষ হিসাবে গড়ে তুলতে শিক্ষক-শিক্ষিকাদের আরো দায়িত্ববান হবার জন্য মুখ্যমন্ত্রী আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি ধনঞ্জয় গনচৌধুরী, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা প্রমুখ।

****************************

**HIV/AIDS-KAILASHAHAR :**

HIV/AIDS ও ড্রাগের অপব্যবহার রোধ বিষয়ে জাতীয় বেগবান তথ্য-শিক্ষা-যোগাযোগ বিষয়ক এক সচেতনতামূলক কর্মসূচি আজ

কৈলাশহরে অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে আজ সকালে কৈলাশহরের R.G.M হাসপাতাল চত্বর থেকে এক বর্ণাঢ্য রেলি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। কর্মসূচির অঙ্গ হিসাবে কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এক অনুষ্ঠান হয়। এর উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। তিনি বলেন, এইডস সংক্রমণ প্রতিরোধে সাবধানতা -সচেতনতা বাড়াতে হবে। এক্ষেত্রে আগাম সতর্কতা গ্রহণ জরুরি। এবিষয়ে তিনি ব্যাপক জনসচেতনতা সৃষ্টির উপর গুরুত্বারোপ করেন। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক এল,দারলং, মহকুমা শাসক প্রদীপ সরকার, জেলা এইডস নিয়ন্ত্রন আধিকারিক ডাঃ শঙ্খশুভ্র দেবনাথ প্রমুখ। এইডসের বিরুদ্ধে জনসচেতনতার বার্তা ছড়িয়ে দিতে ও ড্রাগের অপব্যবহার রুখে দিতে ক্যানভাসে মন্তব্য সহ সাক্ষরদান করেন উপস্থিত অতিথিরা।

******************************

**Manasa Puja :**

প্রথা মেনে আগরতলার দূর্গাবাড়ি সহ রাজ্যের বিভিন্ন জায়গায় অনুষ্ঠিত হচ্ছে মনসা পূজা। শ্রাবণ মাসের সংক্রান্তিতে অনুষ্ঠিত হয় মনসা পূজা। দূর্গাবাড়ির পুরোহিত জানান মা মনসা বিহার, বাংলা, ত্রিপুরা, ওড়িশা, ঝাড়খণ্ড, আসাম এবং উত্তর-পূর্ব ভারতের অন্যান্য অংশে এবং উত্তরাখণ্ডে প্রধানত সাপের কামড় প্রতিরোধ ও নিরাময়ের জন্য এবং উর্বরতা ও সমৃদ্ধির জন্য পূজিতা হয়ে থাকেন। এইদিকে মনসা পূজা উপলক্ষ্যে বাজারগুলিতে ফল, সবজি, মিষ্টি ও ফলের দাম ছিল আকাশছোঁয়া।

******************************

**State Level Football :**

ত্রিপুরা স্পোর্টস বোর্ডের উদ্যোগে আগামী কুড়ি আগষ্ট থেকে তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক অনুর্ধ সতেরো বালিকা বিভাগের ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে কুমারঘাট মহকুমার গোকুলনগর হাইস্কুল মাঠে। এই প্রতিযোগিতা সফল করতে আজ গোকুলনগর হাইস্কুলে এক প্রস্ততিসভা অনুষ্ঠিত হয়। ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব জানান, রাজ্যের আট জেলা থেকে আটটি দল ও ত্রিপুরা স্পোর্টস স্কুল থেকে একটি সবমিলিয়ে নয়টি ফুটবল দল এতে অংশ নেবে।

*************************

**Rakhal Shield :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতায় জুয়েলস এসোসিয়েশন কোয়ার্টার ফাইনালে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়াম আজ নৈশালোকে অনুষ্ঠিত খেলায় জুয়েলস এসোসিয়েশন ৪-১ গোলে ত্রিবেণী সংঘকে পরাজিত করে।

**************************************************
*

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ জেলার দু এক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া ধলাই, উত্তর উনকোটি এবং গোমতী জেলায় ভারী

বৃষ্টিপাতের ও সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা থাকবে একত্রিশ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত বিমান বন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ১০ দশমিক চার মিলিমিটার।

*****************************